



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

মনিটরিং ও মূল্যায়ন শাখা

শ্রম ভবন, ১৯৬ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, বিজয়নগর,

ঢাকা-১০০০।

www.dife.gov.bd

“সুস্থ শ্রমিক, শোভন কর্মপরিবেশ;
গড়ে তুলবে স্মার্ট বাংলাদেশ”

তারিখ: ১৯ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
০২ মে ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৪০.০১.০০০০.০০০.৯৯.০০৩.২২.১৩২

বিষয়: নিয়মিত পরিদর্শনকালে কর্মক্ষেত্রে আরামদায়ক তাপমাত্রা ও বিশুদ্ধ ঠান্ডা পানি সরবরাহ নিশ্চিতকরণ সংক্রান্ত বিধি বিধান প্রতিপালন
বিশেষভাবে তদারকি প্রসঙ্গে।

সারাদেশে তীব্র দাবদাহ অব্যাহত রয়েছে। বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ৫২ (২) অনুসারে প্রত্যেক কর্মক্ষেত্রে এমন তাপমাত্রা বজায় রাখিবার উপযুক্ত ব্যবস্থা রাখিতে হইবে যেন কর্মরত শ্রমিক/কর্মচারীগণ আরামে কাজ করিতে পারেন এবং তাহাদের স্বাস্থ্যহানী রোধ হয় ও ৫৮(৩) ধারা, তদ্বীয় বিধিমালা ৫০(৬) মোতাবেক যে প্রতিষ্ঠানে সাধারণত ২৫০ জনের অধিক শ্রমিক কাজ করিয়া থাকেন উহার প্রতিটিতে প্রতি বৎসর ১ এপ্রিল হইতে ৩০ সেপ্টেম্বর পর্যন্ত শ্রমিকের ক্যান্টিন, খাবার ঘর এবং বিশ্রাম ঘরে পান করিবার জন্য যে পানি সরবরাহ করা হয় উহা পানি ঠান্ডাকরণ যন্ত্র অথবা অন্য কোন কার্যকর পন্থায় ঠান্ডা করিয়া সরবরাহ করিবার বিধান রয়েছে।

এমতাবস্থায়, কারখানা, দোকান ও প্রতিষ্ঠান পরিদর্শনে উল্লিখিত ধারা ও সংশ্লিষ্ট বিধির যথাযথ বাস্তবায়নে কার্যকর ব্যবস্থা গ্রহণ এবং শিল্প এলাকায় বিষয়টি ব্যাপক প্রচারের জন্য নির্দেশনাসহ এ বিষয়ে প্রতিবেদন দৈনিক ভিত্তিতে প্রধান কার্যালয়ের মনিটরিং ও মূল্যায়ন শাখায় প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

০২-০৫-২০২৪

মোঃ আবদুর রহিম খান

মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)

+৮৮-০২-২২৬৬৬৪২০২ (ফোন)

+৮৮-০২-২২৬৬৬৪২০৩ (ফ্যাক্স)

ig@dife.gov.bd

উপমহাপরিদর্শক (৩১ কার্যালয়), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।

স্মারক নম্বর: ৪০.০১.০০০০.০০০.৯৯.০০৩.২২.১৩২/১ (১২)

তারিখ: ১৯ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
০২ মে ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ ;
- ২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়;
- ৩। সচিব, সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়;

- ৪। বিভাগীয় কমিশনার (সকল);
- ৫। জেলা প্রশাসক (সকল);
- ৬। সিভিল সার্জন (সকল);
- ৭। সভাপতি, বাংলাদেশ এমপ্লয়র্স ফেডারেশন;
- ৮। সভাপতি, এফবিসিসিআই;
- ৯। সভাপতি, বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টারস এসোসিয়েশন (বিজিএমইএ);
- ১০। সভাপতি, বাংলাদেশ নীট গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টারস এসোসিয়েশন (বিকেএমইএ);
- ১১। শ্রম পরিদর্শক (সাধারণ), আইসিটি সেল, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশ করার জন্য) এবং
- ১২। অফিস কপি।



০২-০৫-২০২৪

মোঃ আবদুর রহিম খান
মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)